



বাউবি/প্রশা/নি-৮(১৯)/৯৬/পাট-২/৬০৫৭

তারিখ: ২২ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ  
০৭ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত কর্মচারীদের শূন্য পদসমূহে বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ পদের বিপরীতে উল্লেখিত জাতীয় বেতনস্কেল ২০২৬ অনুযায়ী নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| ক্রম | পদের নাম ও বেতনস্কেল                                    | পদের সংখ্যা | ক্রম | পদের নাম ও বেতনস্কেল                            | পদের সংখ্যা |
|------|---------------------------------------------------------|-------------|------|-------------------------------------------------|-------------|
| ০১   | ওয়ার্ড প্রসেসিং অপারেটর<br>গ্রেড-১১ (টাকা ২৫০০০-৬০৫০০) | ০৫ টি       | ০৮   | সাইড মেকানিক<br>গ্রেড-১৪ (টাকা ২৩৫০০-৫৬৮০০)     | ০১ টি       |
| ০২   | হিসাবরক্ষক<br>গ্রেড-১১ (টাকা ২৫০০০-৬০৫০০)               | ০১ টি       | ০৯   | গাড়ীচালক<br>গ্রেড-১৫ (টাকা ২২৮০০-৫৫২০০)        | ০৩ টি       |
| ০৩   | উচ্চমান সহকারী<br>গ্রেড-১৩ (টাকা ২৪০০০-৫৮০০০)           | ০৪ টি       | ১০   | নিম্নমান সহকারী<br>গ্রেড-১৬ (টাকা ২১৯০০-৫২৯০০)  | ০১ টি       |
| ০৪   | তথ্য সহকারী<br>গ্রেড-১৩ (টাকা ২৪০০০-৫৮০০০)              | ০১ টি       | ১১   | নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-১৯ (টাকা ২০৫০০-৪৯৬০০) | ০১ টি       |
| ০৫   | প্রোডাকশন সহকারী<br>গ্রেড-১৩ (টাকা ২৪০০০-৫৮০০০)         | ০১ টি       | ১২   | অফিস সহায়ক<br>গ্রেড-২০ (টাকা ২০০০০-৪৮৪০০)      | ০৬ টি       |
| ০৬   | ক্যাটালগার<br>গ্রেড-১৩ (টাকা ২৪০০০-৫৮০০০)               | ০১ টি       | ১৩   | পরিচ্ছন্নতাকর্মী<br>গ্রেড-২০ (টাকা ২০০০০-৪৮৪০০) | ০১ টি       |
| ০৭   | টেকনিশিয়ান<br>গ্রেড-১৩ (টাকা ২৪০০০-৫৮০০০)              | ০১ টি       |      |                                                 |             |

প্রাপ্ত আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর উপযুক্ত প্রার্থীদের প্রার্থিত পদে নিয়োগের জন্য তিন পর্যায়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে : (১) লিখিত পরীক্ষা, লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের (২) কম্পিউটার লিটারেসি টেস্ট (বিজ্ঞাপিত পদের কাজের প্রকৃতি অনুযায়ী)/ ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং প্রাপ্ত উভয় পরীক্ষায় উত্তীর্ণদের (৩) মৌখিক পরীক্ষা। আবেদনের শেষ তারিখ : ০৬-১১-২০২৬। বিস্তারিত তথ্য ও আবেদন ফরম-এর জন্য বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট ([www.bou.ac.bd](http://www.bou.ac.bd)) দেখুন।

০৭/১০/২৬

রেজিস্ট্রার  
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
গাজীপুর

বাউবি/প্রশা/নি-৮(১৯)/৯৬/পার্ট-২/৬০৫৭

তারিখ : ২২ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ  
০৭ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের কর্মচারী নিয়োগের জন্য সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার শর্তাবলী :



| ক্রম | পদের নাম                 | পদের সংখ্যা | গ্রেড ও বেতনস্কেল              | বয়স      | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার শর্তাবলী                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                               |
|------|--------------------------|-------------|--------------------------------|-----------|-----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| ১.   | ওয়ার্ড প্রসেসিং অপারেটর | ০৫ টি       | গ্রেড-১১<br>(টাকা ২৫০০০-৬০৫০০) | ১৮-৩২ বছর | ক) শিক্ষাগত যোগ্যতা:<br>সনাতন পদ্ধতি: মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক বা সমমানের সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি থাকতে হবে।<br>গ্রেডিং পদ্ধতি: মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৫০ (৫.০০ এর মধ্যে) এবং স্নাতক বা সমমানের পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ ২.৭৫ (৪.০০ এর মধ্যে) থাকতে হবে।<br>(খ) অভিজ্ঞতা:<br>স্বীকৃত/অনুমোদিত প্রতিষ্ঠান হতে কম্পিউটার পরিচালনার উপর ০১ (এক) বছর মেয়াদি পেশাগত ডিপ্লোমা ডিগ্রি/সার্টিফিকেট কোর্স থাকতে হবে। প্রার্থীকে বাংলায় এবং ইংরেজিতে কম্পিউটার এ্যাপলিটিটিউড টেস্ট/ডাটা এন্ট্রি ও ডাটা প্রসেসিং সহ অন্যান্য ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ডেস্কটপ পাবলিকেশনে (ডিটিপি) অভিজ্ঞ প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে। প্রার্থীর বাংলা ও ইংরেজিতে পারদর্শিতা থাকা আবশ্যিক। |
| ২.   | হিসাবরক্ষক               | ০১ টি       | গ্রেড-১১<br>(টাকা ২৫০০০-৬০৫০০) | ১৮-৩২ বছর | ক) শিক্ষাগত যোগ্যতা:<br>সনাতন পদ্ধতি: মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও বাণিজ্য/ব্যবসায় প্রশাসনে স্নাতক পাস। শিক্ষা জীবনের সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি থাকতে হবে।<br>গ্রেডিং পদ্ধতি: মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৫০ (৫.০০ এর মধ্যে) এবং বাণিজ্য/ব্যবসায় প্রশাসনে স্নাতক পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ ২.৭৫ (৪.০০ এর মধ্যে) থাকতে হবে।<br>(খ) অভিজ্ঞতা/পারদর্শিতা :<br>প্রার্থীর বাংলা ও ইংরেজিতে পারদর্শিতাসহ এমএস ওয়ার্ড ও এমএস এক্সেলে ব্যবহারিক জ্ঞান থাকা আবশ্যিক।<br>(গ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।                                                                                                                                                                            |
| ৩.   | উচ্চমান সহকারী           | ০৪ টি       | গ্রেড-১৩<br>(টাকা ২৪০০০-৫৮০০০) | ১৮-৩২ বছর | ক) শিক্ষাগত যোগ্যতা:<br>সনাতন পদ্ধতি: মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক বা সমমানের সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি থাকতে হবে।<br>গ্রেডিং পদ্ধতি: মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৫০ (৫.০০ এর মধ্যে) এবং স্নাতক বা সমমানের পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ ২.৭৫ (৪.০০ এর মধ্যে) থাকতে হবে।<br>(খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>(গ) বাংলা ও ইংরেজিতে পারদর্শিতাসহ এমএস ওয়ার্ড ও এক্সেল-এ ব্যবহারিক জ্ঞান থাকা আবশ্যিক।                                                                                                                                                                                                                                                              |
| ৪.   | তথ্য সহকারী              | ০১ টি       | গ্রেড-১৩<br>(টাকা ২৪০০০-৫৮০০০) | ১৮-৩২ বছর | ক) শিক্ষাগত যোগ্যতা:<br>সনাতন পদ্ধতি: মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক বা সমমানের সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি থাকতে হবে।<br>গ্রেডিং পদ্ধতি: মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৫০ (৫.০০ এর মধ্যে) এবং স্নাতক বা সমমানের পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ ২.৭৫ (৪.০০ এর মধ্যে) থাকতে হবে।<br>(খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>(গ) বাংলা ও ইংরেজিতে পারদর্শিতাসহ এমএস ওয়ার্ড ও এক্সেল-এ ব্যবহারিক জ্ঞান থাকা আবশ্যিক।                                                                                                                                                                                                                                                              |

Muzum

২ (কো, প্রকৃতি) এম

| ক্রম | পদের নাম         | পদের সংখ্যা | গ্রেড ও বেতনস্কেল              | বয়স      | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার শর্তাবলী                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                 |
|------|------------------|-------------|--------------------------------|-----------|-----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| ৫.   | প্রোডাকশন সহকারী | ০১ টি       | গ্রেড-১৩<br>(টাকা ২৪০০০-৫৮০০০) | ১৮-৩২ বছর | (ক) শিক্ষাগত যোগ্যতা:<br>সনাতন পদ্ধতি: মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক বা সমমানের সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি থাকতে হবে।<br>গ্রেডিং পদ্ধতি: মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের সকল পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৫ (৫.০০ এর মধ্যে) এবং স্নাতক বা সমমানের পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ ২.৭৫ (৪.০০ এর মধ্যে) থাকতে হবে।<br>(খ) অভিজ্ঞতা: সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) প্রার্থীর বাংলা ও ইংরেজিতে পারদর্শিতাসহ এমএস ওয়ার্ড ও এক্সেল-এ ব্যবহারিক জ্ঞান থাকা আবশ্যিক।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                    |
| ৬.   | ক্যাটালগার       | ০১ টি       | গ্রেড-১৩<br>(টাকা ২৪০০০-৫৮০০০) | ১৮-৩২ বছর | (ক) শিক্ষাগত যোগ্যতা:<br>সনাতন পদ্ধতি: মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, স্নাতক বা সমমানের সকল পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণিসহ ন্যূনতম ২য় শ্রেণিতে তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে ডিপ্লোমা থাকতে হবে।<br>গ্রেডিং পদ্ধতি: মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৫ (৫.০০ এর মধ্যে) এবং স্নাতক বা সমমানের পরীক্ষায় ন্যূনতম সিজিপিএ ২.৭৫ (৪.০০ এর মধ্যে) সহ ন্যূনতম সিজিপিএ ২.৭৫ (৪.০০ এর মধ্যে) নিয়ে তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে ডিপ্লোমা থাকতে হবে। তবে তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে সিজিপিএ ২.৭৫ (৪.০০ এর মধ্যে) সহ স্নাতক (সম্মান) ধারীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>(খ) অভিজ্ঞতা:<br>কোন বিশ্ববিদ্যালয়ে অথবা সরকারী/আধা-সরকারী/স্বায়তশাসিত প্রতিষ্ঠানে অথবা অনুমোদিত প্রতিষ্ঠিত বৃহৎ লাইব্রেরিতে সংশ্লিষ্ট কাজে (ক্যাটালগার) হিসেবে কমপক্ষে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) প্রার্থীর বাংলা ও ইংরেজিতে পারদর্শিতাসহ এমএস ওয়ার্ড ও এক্সেল-এ ব্যবহারিক জ্ঞান থাকা আবশ্যিক। |
| ৭.   | টেকনিশিয়ান      | ০১ টি       | গ্রেড-১৩<br>(টাকা ২৪০০০-৫৮০০০) | ১৮-৩২ বছর | কোন অনুমোদিত শিক্ষা বোর্ড/অনুমোদিত ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট/টেকনিক্যাল ট্রেনিং সেন্টার (ডিটিআই/টিটিসি) হইতে কমপক্ষে জিপিএ ২.৫০ সহ সংশ্লিষ্ট ট্রেড কোর্স (এইচএসসি লেভেল) পাস। সংশ্লিষ্ট কাজে (বেতার ও টিভি অনুষ্ঠান তৈরিতে ব্যবহৃত বিভিন্ন প্রকার ইলেকট্রনিক যন্ত্রপাতি মেরামত ও রক্ষণাবেক্ষণ) ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তবে সংশ্লিষ্ট ট্রেডের ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসহ ডিপ্লোমা ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                     |
| ৮.   | সাইন্ড মেকানিক   | ০১ টি       | গ্রেড-১৪<br>(টাকা ২৩৫০০-৫৬৮০০) | ১৮-৩২ বছর | (ক) শিক্ষাগত যোগ্যতা:<br>সনাতন পদ্ধতি: মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের উভয় পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি থাকতে হবে।<br>গ্রেডিং পদ্ধতি: মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৫০ (৫.০০ এর মধ্যে) থাকতে হবে।<br>(খ) অভিজ্ঞতা: সংশ্লিষ্ট কাজে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) প্রার্থীর বাংলা ও ইংরেজিতে পারদর্শিতাসহ এমএস ওয়ার্ড ও এক্সেল-এ ব্যবহারিক জ্ঞান থাকা আবশ্যিক।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                             |
| ৯.   | গাড়ীচালক        | ০৩ টি       | গ্রেড-১৫<br>(টাকা ২২৮০০-৫৫২০০) | ১৮-৩২ বছর | কোন অনুমোদিত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে এসএসসি/সমমান পাস। বৈধ লাইসেন্সসহ গাড়ী চালনায় কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা। প্রার্থীকে ৬/৬ দৃষ্টি শক্তিসহ সুস্থাস্থ্যের অধিকারী হতে হবে। ট্রাফিক আইন-কানুন সম্পর্কে সম্যক ধারণা এবং যানবাহন ও লগবই রক্ষণাবেক্ষণে দক্ষতা থাকিতে হইবে।                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                                      |

Attn:

| ক্রম | পদের নাম         | পদের সংখ্যা | গ্রেড ও বেতনস্কেল              | বয়স      | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার শর্তাবলী                                                                                                                                                                                                                                                                                                                                                                                              |
|------|------------------|-------------|--------------------------------|-----------|------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| ১০.  | নিম্নমান সহকারী  | ০১ টি       | গ্রেড-১৬<br>(টাকা ২১৯০০-৫২৯০০) | ১৮-৩২ বছর | ক) শিক্ষাগত যোগ্যতা:<br>সনাতন পদ্ধতি: মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের উভয় পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি থাকতে হবে।<br>গ্রেডিং পদ্ধতি: মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.৫০(৫.০০ এর মধ্যে) থাকতে হবে।<br>(খ) প্রার্থীর বাংলা ও ইংরেজিতে পারদর্শিতাসহ এমএস ওয়ার্ড ও এক্সেল-এ ব্যবহারিক জ্ঞান থাকা আবশ্যিক।<br>(গ) সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ১১.  | নিরাপত্তা প্রহরী | ০১ টি       | গ্রেড-১৯<br>(টাকা ২০৫০০-৪৯৬০০) | ১৮-৩২ বছর | অনুমোদিত শিক্ষা বোর্ড হতে এসএসসি/সমমান পাস এবং সুস্বাস্থ্য ও সং চরিত্রের অধিকারী এবং আনসার/ভিডিপি সশস্ত্র কোর্সে প্রশিক্ষণ প্রাপ্ত। সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ৪ ইঞ্চি, বুক ৩২ ইঞ্চি হতে ৩৬ ইঞ্চি। সেনাবাহিনী/বিডিআর/পুলিশ বাহিনী/ আনসার-ভিডিপি হতে অবসরপ্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। সেনাবাহিনী/বিডিআর/পুলিশ বাহিনী/ আনসার-ভিডিপি হতে অবসরপ্রাপ্ত প্রার্থীদের বয়স শিথিলযোগ্য। তবে সর্বোচ্চ ৪০ বছর।                       |
| ১২.  | অফিস সহায়ক      | ০৬ টি       | গ্রেড-২০<br>(টাকা ২০০০০-৪৮৪০০) | ১৮-৩২ বছর | অনুমোদিত শিক্ষা বোর্ড হতে এসএসসি/সমমান পাস। কম্পিউটার চালনায় দক্ষতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।                                                                                                                                                                                                                                                                                                                    |
| ১৩.  | পরিচ্ছন্নতাকর্মী | ০১ টি       | গ্রেড-২০<br>(টাকা ২০০০০-৪৮৪০০) | ১৮-৩২ বছর | অষ্টম শ্রেণী পাস এবং সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।                                                                                                                                                                                                                                                                                                                                                       |


### আবেদনের শর্তসমূহ

- শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পর্যায়ে ৪ মাত্রার স্কেল হলে এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ৫ মাত্রার স্কেল হলে আনুপাতিক হারে জিপিএ/সিজিপিএ নির্ধারিত হবে।
- বিজ্ঞাপিত পদসমূহে নিয়োগের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার শর্তাবলী এবং আবেদন করার নিয়মাবলীসহ আবেদনপত্রের ফরম সরাসরি অথবা [www.bou.ac.bd](http://www.bou.ac.bd) ওয়েব সাইট থেকে অথবা ১০ (দশ) টাকা মূল্যের ডাক টিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত ৪.৫"X১০" খাম প্রেরণপূর্বক রেজিস্ট্রার-এর দপ্তর হতে সংগ্রহ করা হবে।
- আবেদনপত্রের সঙ্গে সার্টিফিকেট, মার্কশীট/গ্রেডশীট, প্রশিক্ষণ (কম্পিউটার ও অন্যান্য প্রশিক্ষণ) ও অভিজ্ঞতার সনদপত্র (সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/ইউজিসি কর্তৃক অনুমোদিত বিশ্ববিদ্যালয় বা আইনদ্বারা সৃষ্ট প্রতিষ্ঠানে স্থায়ীভাবে কর্মরত), জন্ম-সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্রের অনুলিপি ও পাসপোর্ট সাইজের ২ কপি ছবি ও ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করে "রেজিস্ট্রার, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫" বরাবর প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট কাগজপত্রসহ ০২ (দুই) সেট আবেদনপত্র জমা দিতে হবে।
- আবেদনকারীকে জনতা ব্যাংকের যে কোন শাখা থেকে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে প্রার্থীত পদের জন্য ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার (অফেরৎযোগ্য) আবেদনপত্রের সাথে যুক্ত করতে হবে। পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।
- আবেদনকারীকে আবেদন ফরম স্বহস্তে/কম্পোজ করে পূরণ করতে হবে।
- সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/ইউজিসি কর্তৃক অনুমোদিত বিশ্ববিদ্যালয় বা আইন দ্বারা সৃষ্ট প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের ফরোয়ার্ডিং লেটার/অগ্রায়নসহ নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র (সত্যায়িত করার প্রয়োজন নাই) সংযোজনসহ ০৬-১১-২০২৬ তারিখে বয়স উল্লেখপূর্বক মোট ০২ (দুই) সেট আবেদনপত্র "রেজিস্ট্রার, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫" বরাবর ০৬-১১-২০২৬ তারিখের মধ্যে ডাকযোগে বা কুরিয়ার সার্ভিস-এর মাধ্যমে প্রেরণ করতে হবে অথবা নিজ হাতে/প্রতিনিধির মাধ্যমে রেজিস্ট্রার অফিসে জমা দিতে হবে। রেজিস্ট্রার অফিসে আবেদনপত্র সরাসরি জমা দেয়া হলে প্রাপ্তি স্বীকারপত্র দেয়া হবে। আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোন কিছুই ফেরত দেয়া হবে না।
- বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে কর্মরত (স্থায়ী/অস্থায়ী) প্রার্থীদের ক্ষেত্রে অভিজ্ঞতা ও বয়সের যে কোন ১টি শর্ত শিথিলযোগ্য। বর্তমান পদে বিজ্ঞাপনে চাহিত অভিজ্ঞতাকাল অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে এক তৃতীয়াংশ শিথিলযোগ্য। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে চাকুরীর বয়সসীমা সর্বোচ্চ ১০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। যেসব পদে নির্দিষ্ট বিষয়ের ওপর বিষয় ভিত্তিক/বিশেষ ডিগ্রি প্রয়োজন হয় এবং প্রযুক্তিগত অভিজ্ঞতার প্রয়োজন সেসব পদে আবেদনের জন্য যে শর্ত থাকে তা অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে। তবে সাধারণ পদে নিয়োগের ক্ষেত্রে অভ্যন্তরীণ প্রার্থীদের অভিজ্ঞতা উক্ত পদের অভিজ্ঞতা হিসেবে সমভাবে বিবেচিত হবে।
- টেকনিক্যাল/বিশেষায়িত পদ: (যে সকল পদে বিশেষ ধরনের কারিগরি বা প্রযুক্তিগত শিক্ষা, দক্ষতা বা প্রশিক্ষণ প্রাপ্ত ডিগ্রী/অভিজ্ঞতার প্রয়োজন হয়) ক্যাটালগার, টেকনিশিয়ান, গাড়ীচালক।

৪

৪

- ৯। প্রার্থীকে তাঁর প্রার্থীত পদের নাম খামের উপরে স্পষ্টাক্ষরে লিখতে হবে।
- ১০। ভূয়া তথ্য সম্বলিত/অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র অথবা নির্ধারিত অংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্তি ব্যতীত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১১। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ আবেদনকারীর পরীক্ষা গ্রহণ করতে বা তাকে প্রার্থীত পদে নিয়োগ দিতে বাধ্য থাকিবে না।
- ১২। যে সকল পদের ক্ষেত্রে প্রার্থীর কম্পিউটার লিটারেসি (বিশেষ করে বাংলা ও ইংরেজিতে কম্পোজ করা), কম্পিউটার চালনা ও সাবলীলভাবে ইন্টারনেট ব্যবহার (ই-মেইলে তথ্য আদান-প্রদানসহ) এর বাস্তব জ্ঞান ও পারদর্শিতা প্রয়োজন সেসব পদে এ বিষয়ে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
- ১৩। নিয়োগপ্রাপ্তদের বাসা/ফ্ল্যাটের প্রাপ্যতা সাপেক্ষে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বসবাস করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)। কর্তৃপক্ষের লিখিত অনুমতি ব্যতীত কোন কর্মচারী ক্যাম্পাসের বাহিরে বসবাস করতে পারবেন না।
- ১৪। প্রাপ্ত আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর উপযুক্ত প্রার্থীদের প্রার্থীত পদে নিয়োগের জন্য তিন পর্যায়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে: (১) লিখিত পরীক্ষা; লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের জন্য (২) কম্পিউটার লিটারেসি টেস্ট (বিজ্ঞাপিত পদের কাজের প্রকৃতি অনুযায়ী)/ ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং প্রাপ্ত উভয় পরীক্ষায় উত্তীর্ণদের জন্য (৩) মৌখিক পরীক্ষা। যে কোন প্রকার পরীক্ষায় অংশগ্রহণের জন্য টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- ১৫। অসম্পূর্ণ এবং নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ১৬। সরকারি বিধিমতে কোটা সংরক্ষণ করা হবে। এক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্রাদি দাখিল করতে হবে।
- ১৭। কম্পিউটার চালনায় অভিজ্ঞতা না থাকলে আবেদন করার প্রয়োজন নাই (প্রযোজ্য ক্ষেত্রে)।



রেজিস্ট্রার

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
গাজীপুর

